রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৫১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৮, ২০১৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৫৫—৭৭৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭৯১—১৮৪৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৫—২৩৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৬৯—২৩০৯ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ১৮ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৬৭-বিচার-৩/১ডি-১৫/২০০৮**—যেহেতু, খুলনার সাবেক জেলা জজ বর্তমানে বরিশালের দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়নপূর্বক বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শ এবং মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে ১৫/২০০৮ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ বিশ্বাসযোগ্য ভাবে প্রমাণীত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন-কে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

এক্ষণে, সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শ এবং মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে খুলনার সাবেক জেলা জজ, বর্তমানে বরিশালের দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক (জেলা জজ) জনাব এ, কে, এম, ইশতিয়াক হুসাইন-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩) (বি) বিধি মোতাবেক বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করা হল।

এরূপ বাধ্যতামূলক অবসর দানের ফলে তিনি বিধি মোতাবেক সকল প্রকার আর্থিক সুবিধাদি পাবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্ব প্রাপ্ত)।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ২৫ আগস্ট ২০১৪

**নং আর-৬/৭এন-৩১/২০১৪-১২০৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে যশোর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব জি, এম, আবু মুছা, পিতা-মরহুম জি, এম, আবু এছাহক, মাতা-মোছাঃ আলফা খাতুনকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৪ সেপ্টেম্বর ২০১৪

**নং আর-৬/৭এন-৩৪/২০১৪-১২১৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে পটুয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মুহাম্মদ মনিরুজ্জামান, পিতা-মৃত আব্দুল মান্নান মৃধাকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

**তথ্য মন্ত্রণালয়**
**বেতার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ আগস্ট ২০১৪

নং **১৫.০০.০০০০.০২১.১৮.১৪৫.১১.৪২৯**—ফরিদপুরের মধুখালী থানায় ০৪-০৭-২০১০ তারিখে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত) ২০০৩-এর ১১(গ) ধারায় দায়েরকৃত মামলায় ০৮-০৭-২০১০ তারিখে গ্রেফতার হওয়ায় বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের উপ-আঞ্চলিক পরিচালক জনাব মোঃ আনাতোর আমজাদ-কে তথ্য মন্ত্রণালয়ের ২২-০৭-২০১০ তারিখের তম/বে-১/৭ (২৯৮)/২০০৩/১০৪৬ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ফরিদপুর কর্তৃক ১০-০৪-২০১৪ তারিখে উক্ত মামলার রায়ে জনাব মোঃ আনাতোর-আমজাদ-কে নির্দোষ সাব্যস্তে খালাস প্রদান করায় জনাব মোঃ আনাতোর-আমজাদ-এর সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। তার সাময়িকভাবে বরখাস্তকালীন সময় বিএসআর পার্ট-১ এর বিধি ৭২ এর মর্মানুযায়ী কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ের জন্য বিধি মোতাবেক বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৬**
**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ সেপ্টেম্বর ২০১৪

**নং প্রঃ শাঃ ৬/রাউক-০১/২০১১/৪৬৯**—রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মতামত অনুযায়ী রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট আরডিএ অধ্যাদেশ ১৯৭৬ এর ধারা ১৬ মোতাবেক সরকার কর্তৃক রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদিত মাষ্টার প্ল্যানে নিম্নোক্ত সংশোধন করা হলো ঃ

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন কাজলা মৌজা (জে, এল, নং ১৪৪) আর. এস. ১৬০০, ১৬০১, ১৬০৪, ১৬০৫ ও ১৬১০ নং দাগের উপর প্রস্তাবিত ২০(বিশ) ফুট রাস্তাটিকে 'দ' আকৃতির পরিবর্তে Alignment সরল রৈখিক করণের বিষয়ে অনুমতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যামলী নবী**
সিনিয়র সহকারী সচিব।

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ সেপ্টেম্বর ২০১৪

**নং পম/লিএ/বিওশৃ/বিমা ০৯/২০১৩/৩৩৯**—যেহেতু, আপনি জনাব মোঃ কাউসার মুমিন, সহকারী সাইফার কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা গত ২৪-১০-২০১০ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি-৩, উপ-বিধি-সি, অনুযায়ী কর্মস্থলে অননুমোদিতভাবে ৬০(ষাট) দিনের বেশী সময় অনুপস্থিতির অভিযোগে আপনাকে অভিযুক্ত করা হয়; এবং

যেহেতু, উক্ত অভিযোগের ভিত্তিতে অত্র মন্ত্রণালয়ের ১৩-০১-২০১৩ তারিখের এডি-পি (২)-১০৯৩/১ নং স্মারক মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ আপনার কৈফিয়ৎ তলব (প্রথম কারণ দর্শানোর নোটিশ জারি) করা হয়; এবং

যেহেতু, নোটিশটি যথারীতি জারীর পরও আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রদানে উচ্ছুক কি না তাও জানাননি ; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলে বিস্তারিত তদন্ত অন্তে আপনার বিরুদ্ধে আনীত ডিজারশনের অভিযোগ সুনির্দিষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা গত ২৫-০২-২০১৪ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন; এবং

যেহেতু, আপনাকে চাকুরী হতে বরখাস্তকরণের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে অত্র মন্ত্রণালয়ের ১৬-০৩-২০১৪ তারিখের পম/লিএ/বিওশ/বিমা-০৯/২০১৩/২০৫ নং স্মারক মূলে আপনার বিরুদ্ধে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় ; এবং

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশটি গত ২১-০৩-২০১৪ তারিখে 'দৈনিক জনকণ্ঠ' এবং ২২-০৩-২০১৪ তারিখে 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশিত হয়েছে ; এবং

যেহেতু, আপনি উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশেরও কোন জবাব প্রদান করেননি ; এবং

যেহেতু, আপনাকে চাকুরী হতে বরখাস্ত করার বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এ বিষয়ে একমত পোষণ করেছে; এক্ষণে

সেহেতু, আপনি জনাব মোঃ কাউসার মুমিন, সহকারী সাইফার কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি-৩, উপ-বিধি (সি) মোতাবেক ডিজারশনের অভিযোগে একই বিধিমালার বিধি-৪, উপ-বিধি-(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত করা (Dismissed from Service) হ'ল।

**মোঃ শহীদুল হক**
পররাষ্ট্র সচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**
**উন্নয়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ভাদ্র ১৪২১/০৯ সেপ্টেম্বর ২০১৪

**নং জ্বাখসবি/উঃ-২/প্রকল্প-৫/২০১১-৭৩৭**—বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০-এর আওতায় পরিকল্পনা গ্রহণ বিষয়ক গাইডলাইনের ২ অনুচ্ছেদের ভাষ্যমতে এবং এ বিষয়ে গঠিত প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড-এর ইউনিট-২ স্থাপন/নির্মাণ প্রকল্পের বিষয়ে নিম্নরূপভাবে একটি Technical Committee গঠন করা হ'ল ঃ

**আহ্বায়ক**

(১) ব্যবস্থাপন পরিচালক, ইআরএল

**সদস্যবৃন্দ**

(২) পেট্রোবাংলার প্রতিনিধি

(৩) বুয়েট-এর প্রতিনিধি(কেমিকৌশল বিভাগ)

(৪) জনাব মাসুদুর রহমান, জিএম, যমুনা অয়েল কোঃ লিঃ

**সদস্য-সচিব**

(৫) জনাব আখতারুল হক, ডিজিএম (অপারেশন), ইআরএল।

**কারিগরি কমিটির কর্মপরিধি (Terms of Reference)ঃ**

(i) বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর আওতায় ইআরএল ২য় ইউনিট প্রকল্পের বিষয়ে প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটির নিকট হতে প্রাপ্ত প্রস্তাবসমূহের কারিগরি ও আর্থিক বিষয়সমূহ মূল্যায়ন ;

(ii) প্রাথমিক পর্যায়ে ইআরএল ২য় ইউনিট এর FEED Consultant নিয়োগের Tarms of Reference প্রস্তুতকরণ ;

(iii) কমিটি ১ (এক) মাসের মধ্যে তাদের প্রতিবেদন প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটির নিকট দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জনেন্দ্র নাথ সরকার**
উপ-সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ভাদ্র ১৪২১/২৮ আগস্ট ২০১৪

**নং ৩৯.০১২.০০২.০১.০৩.০২১.২০১৪-৭১৬**—নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে ২০১৪-২০১৫ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি(NST) ফেলোশিপের প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং নবায়নের সুপারিশ প্রদানের জন্য ফেলোশিপ নবায়ন কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. এ, এম. এম, তৌফিকুল আনোয়ার, প্রধান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩) অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ, এগ্রিকালচারাল বোটানী বিভাগ, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৪) নাজমা বেগম, উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) মোঃ সিদ্দিকুর রহমান, সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিদ্দিকুর রহমান**
সহকারী সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ আগস্ট ২০১৪

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৪.২০০৩-৭২৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পুনরাদেশ না দেয়া পর্যন্ত ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এর সভাপতি জনাব মোহাম্মদ শাহজাহান খান-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা-২**
**এলএ কেস নং-০৩(W)/১৯৭০-১৯৭১**
**ফরম নং ঘ**
**ঘোষণা পত্র**
**[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ ]**

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১২৪.১৪-২৪১**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর "৩" ধারার আদেশ মোতাবেক হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হ'ল।

**তফসিল**

মৌজা তালতলী, জে এল নং ৫৩, সিট নং ০২, উপজেলা বরগুনা সদর, জেলা বরগুনা।

| দাগ | খতিয়ান নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৪৩৯ | ২৩২ | ০.০৮ | ০.০৬ |
| ১৪৪০ | ২৩২ | ০.৩২ | ০.১০ |
| ১৪৪২ | ১৫১ | ০.৪৫ | ০.৩০ |
| ১৪৪৩ | ১৫১ | ০.০৬ | ০.০৬ |
| ১৪৪৪ | ৯২ | ০.৫০ | ০.০২ |
| ১৪৪৫ | ৯২ | ০.০৬ | ০.০২ |
| ১৪৪৭ | ৯২ | ০.২৭ | ০.২৭ |
| ১৪৪৮ | ৯২ | ০.৩১ | ০.১২ |
| ১৪৪৯ | ৬৪ | ০.৪০ | ০.১৭ |
| ১৪৫০ | ৬৪ | ০.০৬ | ০.০৬ |
| ১৪৫১ | ১০ | ০.০৫ | ০.০৫ |
| ১৪৫২ | ১০ | ০.৫৮ | ০.১৪ |
| ১৪৫৩ | ৬২,১৪৪ | ০.৫৭ | ০.১১ |
| ১৪৫৪ | ৬২,১৪৪ | ০.০২ | ০.০২ |
| ১৫০১ | ৬২,১৪৪ | ১.৭১ | ০.১০ |
| ১৫০৩ | ১০ | ০.৫২ | ০.১১ |
| ১৫০৪ | ৬২,১৪৪ | ০.০৯ | ০.০৯ |
| ১৫০৫ | ১০ | ০.০৭ | ০.০৭ |
| ১৫০৬ | ৬৪ | ০.০৬ | ০.০৬ |
| ১৫০৭ | ৬৪ | ০.৪৮ | ০.১২ |
| ১৫০৮ | ৯২ | ২.০৬ | ০.৬৪ |
| ১৫০৯ | ৯২ | ০.৩৫ | ০.৩৫ |
| ১৫১০ | ১৫১ | ০.২৫ | ০.২৫ |
| ১৫১১ | ১৫১ | ২.৭০ | ১.০৮ |
| ১৫১৪ | ৩৭,৬০, ১৪৩,২৩২ | ২.৬১ | ১.০৯ |
| ১৫১৫ | ৩৭,৬০, ১৪৩,২৩২ | ০.২৬ | ০.২১ |
| ১৫১৬ | ৬১ | ১.২৭ | ০.৯২ |
| ১৫১৮ | ১৩০ | ১.১০ | ০.১৬ |
| ১৫১৯ | ১৩০ | ৩.২৮ | ০.৬৭ |
| ১৫২০ | ৩৮ | ৪.৯৬ | ৪.৩২ |
| ১৫২১ | ১৭৫ | ২,৪৬ | ১.৪২ |
| ১৫২৮ | ২১৫ | ৩.০১ | ০.০৪ |
| ১৫২৯ | ৩১০ | ২.০৬ | ০.৪২ |
| ১৫৩০ | ১৫৭ | ১.৬০ | ০.৩৯ |

| দাগ | খতিয়ান নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৫৩১ | ১১৩ | ১.৪৭ | ০.৩৮ |
| ১৫৩২ | ১৩২,২৭৩, ১৫৭,২১৫, ২৭০ | ৩.২৭ | ০.৭৭ |
| ১৭২২ | ১১৩,১৩২, ১৫৭,২১৫, ২৭৩,২৭০, ৩১০ | ৪.৬৬ | ০.৬৩ |

মোট ১৫.৭৯ একর।

মোট জমির পরিমাণ=১৫.৭৯ (পনের দশমিক সাত নয় ) একর মাত্র।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**এল, এ, কেস নং ১৯৬(W)/১৯৬৭-১৯৬৮**

**ঘোষণা পত্র ফরম নং ঘ**

**সম্পত্তি হুকুমদখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১২৪.১৪-২৪২**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর "৩" ধারা আদেশ মোতাবেক হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

**তফসিল**

মৌজা বুড়িরচর, জেএল নং ২৩, সিট নং ০৩, উপজেলা বরগুনা সদর, জেলা বরগুনা।

| খতিয়ান | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৪২৩,৬০২ | ৪৪৭৮ | - | ০.০৮ |
| ৪২৩ | ৪৪৭৯ | - | ০.০৮ |
| ৫৭০ | ৪৪৮২ | - | ০.০৪ |
| ৫৭০ | ৪৪৮৩ | - | ০.০৪ |
| ৩৬৭,৬৫৯ | ৪৪৮৪ | - | ০.০৩ |
| ৩৬৭,৬৫৯ | ৪৪৮৫ | - | ০.০৩ |
| ৭৩৭ | ৪৪৯২ | - | ০.২০ |
| ৭৩৭ | ৪৪৯৩ | - | ০.২৬ |
| ৭৩৮ | ৪৪৯৬ | - | ০.৪৪ |
| ৭৮ | ৪৫০১ | - | ০.২৪ |

মোট ১.৪৪ একর।

মোট জমির পরিমাণ ১.৪৪ একর মাত্র।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
যুগ্ম-সচিব।

---

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ ভাদ্র ১৪২১/০২ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১১২.২০১০-২০৯**—১৯৯৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | হুগলি | ১৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২) | চন্দ্র বল্লভ | ২১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩) | ফরিদাবাদ | ২২ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৪) | পশ্চিম দেবীপুর | ৩৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৫) | নয়ানপুর | ৪১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৬) | রতনপুর | ৪৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৭) | পশ্চিম রামচন্দ্রপুর | ৫০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৮) | পশ্চিম নরোত্তমপুর | ৫৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৯) | উত্তর নারায়ণপুর | ৯০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১০) | ছোট রামদেবপুর | ১০৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১১) | মালিয়ারটেক | ১৩০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১২) | আজিজুল্লাপুর | ১৩১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৩) | পশ্চিম নূরপুর | ১৩৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৪) | দৌলৎপুর | ১৫৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৫) | পূর্ব্ব করিমপুর | ১৫৮ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৬) | ন্যামতপুর | ১৫৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৭) | পূর্ব্ব বাহাদুরপুর | ১৬৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৮) | খোদা দাদপুর | ১৬৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (১৯) | দক্ষিণ নিরঞ্জনপুর | ১৮০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২০) | গঙ্গাপুর | ১৮১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২১) | উত্তর নিরঞ্জনপুর | ১৮২ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২২) | ফলাহারী | ১৮৫ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৩) | নুর সোনাপুর | ১৮৯ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৪) | আশ্রবপুর | ২০০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৫) | চন্দ্র সুদ্দি | ২০৬ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৬) | উত্তমপুর | ২১২ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৭) | উত্তমপুর লামছি | ২১৩ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৮) | মির্জাপুর | ২১৬ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (২৯) | ইন্দ্রপুর | ২১৭ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩০) | শুক্লামদ্দি | ২২০ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩১) | রামপুর | ২২১ | নোয়াখালী সদর | নোয়াখালী |
| (৩২) | পাঁচবাড়িয়া | ০৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৩) | রমাপুর | ১২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৪) | পীতাম্বরপুর | ৩১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৫) | গুনসিং | ৩২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৬) | ঘাসেরখিল | ৪০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৭) | দূর্গাদৌলতপুর | ৪৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৮) | দক্ষিণ কাইছেরবাগ | ৫৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৩৯) | নারায়ণভট্র | ৬১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪০) | ধানপুর | ৬২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪১) | উত্তর হীরাপুর | ৮৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪২) | বেতুয়াবাগ | ৮৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৩) | রেজাকপুর | ৯০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৪) | পদিপাড়া | ৯১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৫) | দক্ষিণ রছুলপুর | ৯৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৬) | আযুবপুর | ১০৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৭) | কোয়ারিয়া | ১১০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৮) | জগদাশপুর | ১১৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৪৯) | বাহাদুরপুর | ১২৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৫০) | কোরেশপুর | ১৩০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫১) | এনায়েতনগর | ১৩১ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫২) | দেবদিতপুর | ১৩৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৩) | নারায়ণপুর | ১৪০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৪) | ছোট কালিকাপুর | ১৪২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৫) | বড় শিবনারায়ণপুর | ১৪৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৬) | দক্ষিণ কুতুবপুর | ১৪৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৭) | জাহেদপুর | ১৪৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৮) | বড় হোসেনপুর | ১৫৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৫৯) | মধুপুর | ১৬৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬০) | দক্ষিণ মৃজানগর | ১৬৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬১) | দক্ষিণ দৌলতপুর | ১৭৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬২) | টঙ্গিরপাড়া | ১৮০ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৩) | সাধারী | ১৯২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৪) | আবদুল্লাপুর | ১৯৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৫) | ছোট শিবনারায়ণপুর | ২০২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৬) | দুর্লভপুর | ২০৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৭) | নিত্যানন্দপুর | ২০৮ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৮) | ছোট শরিফপুর | ২১৩ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৬৯) | দক্ষিণ কালিকাপুর | ২১৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭০) | দক্ষিণ কৃষণরামপুর | ২২৫ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭১) | উত্তর কেশবপুর | ২২৯ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭২) | বগাবাড়িয়া | ২৭২ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭৩) | মানিকপুর | ২৭৪ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭৪) | চন্দ্রপুর | ২৮৬ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭৫) | রফিকপুর | ৩১৭ | বেগমগঞ্জ | নোয়াখালী |
| (৭৬) | চর লেংটা | ২৯ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |
| (৭৭) | চাঁদনন্দী | ০৬ | হাতিয়া | নোয়াখালী |
| (৭৮) | চিত্রাখালী | ১১ | হাতিয়া | নোয়াখালী |
| (৭৯) | চর ক্ষিতিশ | ১৯ | হাতিয়া | নোয়াখালী |
| (৮০) | নিলক্ষ্মী দিয়ারা | ২১ | হাতিয়া | নোয়াখালী |
| (৮১) | উত্তর চর আমানউল্লা | ২২ | হাতিয়া | নোয়াখালী |
| (৮২) | সাতবাড়িয়া | ২৬ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৩) | কাউনিয়া | ৩৪ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৪) | চর আমানউল্লা | ৩৫ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৫) | সূর্য্যমুখী | ৫১ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৬) | চেঙ্গার চর | ৫৩ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৭) | পূর্ব চর বিরবিরি | ৬০ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৮) | রাস্তার চর | ৬৩ | হাতিয়া | নোয়াখালী |
| (৮৯) | নয়াপাড়া | ২১ | চাটখিল | নোয়াখালী |
| (৯০) | কামালপুর | ২৫ | চাটখিল | নোয়াখালী |

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৯১) | সাহাপুর | ৬১ | চাটখিল | নোয়াখালী |
| (৯২) | সিংহবাহুড়া | ৮৯ | চাটখিল | নোয়াখালী |
| (৯৩) | মতইন | ১৮ | সেনবাগ | নোয়াখালী |
| (৯৪) | জামালপুর | ৪২ | সেনবাগ | নোয়াখালী |
| (৯৫) | পুরস্কর | ৪৩ | সেনবাগ | নোয়াখালী |
| (৯৬) | নলুয়া | ৪৮ | সেনবাগ | নোয়াখালী |
| (৯৭) | কাদরা | ৫৮ | সেনবাগ | নোয়াখালী |
| (৯৮) | দৌলৎপুর | ৬০ | সেনবাগ | নোয়াখালী |
| (৯৯) | উত্তর সাহাপুর | ৭৩ | সেনবাগ | নোয়াখালী |
| (১০০) | চাঁদপুর | ৭৫ | সেনবাগ | নোয়াখালী |
| (১০১) | পূর্ব আহাম্মদপুর | ৭৬ | সেনবাগ | নোয়াখালী |
| (১০২) | হীরাপুর | ৭৭ | সেনবাগ | নোয়াখালী |
| (১০৩) | মহম্মদপুর | ৭৮ | সেনবাগ | নোয়াখালী |
| (১০৪) | খোন্দকারপুর | ০১ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১০৫) | হাসনদী | ০৮ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১০৬) | মিরকপুর | ৩০ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১০৭) | পার্বতীনগর | ৩৭ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১০৮) | দক্ষিণ চৌপল্লী | ১৪৬ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১০৯ | মহেশখিল | ১৪৭ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১১০) | দক্ষিণ কালিদাসবাগ | ১২৬ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১১১) | বরমপুর | ১৫৫ | লক্ষ্মীপুর সদর | নোয়াখালী |
| (১১২) | চর কাকরা | ০৩ | রামগতি | নোয়াখালী |
| (১১৩) | উত্তর চর কালকিনি | ০৪ | রামগতি | নোয়াখালী |
| (১১৪) | উত্তর চর লরেন্স | ০৯ | রামগতি | নোয়াখালী |
| (১১৫) | দক্ষিণ চর কালকিনি | ১২ | রামগতি | নোয়াখালী |
| (১১৬) | চর সেভেজ | ৩১ | রামগতি | নোয়াখালী |
| (১১৭) | চর দরবেশ | ৬০ | রামগতি | নোয়াখালী |
| (১১৮) | নাগরাজারামপুর | ১৯ | রামগঞ্জ | নোয়াখালী |
| (১১৯) | নয়নপুর | ৩১ | রামগঞ্জ | নোয়াখালী |
| (১২০) | চন্ডিপুর | ৫২ | রামগঞ্জ | নোয়াখালী |
| (১২১) | দাসপাড়া | ৬২ | রামগঞ্জ | নোয়াখালী |
| (১২২) | কাজিরখিল | ৬৭ | রামগঞ্জ | নোয়াখালী |
| (১২৩) | অলাতলী | ০৯ | দাগনভুঞা | ফেনী |
| (১২৪) | সমপুর | ২৪ | সোনাগাজী | ফেনী |
| (১২৫) | পশ্চিম সুলতানপুর | ৫৫ | সোনাগাজী | ফেনী |
| (১২৬) | ভোয়াগ | ৮৭ | সোনাগাজী | ফেনী |
| (১২৭) | পাঠানগড় | ১৩ | ছাগলনাইয়া | ফেনী |
| (১২৮) | ইছাছড়া | ২৮ | ছাগলনাইয়া | ফেনী |
| (১২৯) | দক্ষিণ আঁধার মানিক | ৩৭ | ছাগলনাইয়া | ফেনী |
| (১৩০) | ঘনিয়া মোড়া | ১৩ | ফুলগাজী | ফেনী |
| (১৩১) | সাতকুচিয়া | ১৫ | ফুলগাজী | ফেনী |

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১৩২) | দক্ষিণ গুতমা | ২০ | ফুলগাজী | ফেনী |
| (১৩৩) | দেবীপুর | ২৮ | ফুলগাজী | ফেনী |
| (১৩৪) | উত্তর বড়ইয়া | ৩৬ | ফুলগাজী | ফেনী |
| (১৩৫) | বদরপুর | ৪৬ | ফুলগাজী | ফেনী |
| (১৩৬) | বাউর পাথর | ২২ | পশুরাম | ফেনী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২০ ভাদ্র ১৪২১/০৪ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৮৯.২০১০-২১৬**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪ (২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত সংশোধিত আকারে স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | সুখদেবনগর | ১১৪ | বাঘারপাড়া | যশোর |

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা সেল**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ সেপ্টেম্বর ২০১৪

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৪৬**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিবগঞ্জ,চাঁপাইনবাবগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার শিবগঞ্জ উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মোসাঃ সেলিমা বেগম |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোসাঃ বাতাসু খাতুন |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ শিউলি বেগম |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ সাহিদা আখতার রেখা |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ আকতারী বেগম |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ৩ নং ক্রমিকের মোসাঃ শিউলি বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৪৭**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১(১৯৯১ সনের ৯নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার বোচাগঞ্জ উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | শ্রীমতি মুক্তি রানী বিশ্বাস |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোসাঃ হুনুফা বেগম |
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ নিলুফার হোসেন |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ রুখসানা বেগম (মুক্তা) |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ খতেজা বেগম |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২ নং ক্রমিকের মোছাঃ হুনুফা বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৪৮**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালাই, জয়পুরহাট এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কালাই উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মোছাঃ ফাতেমা জোহুরা |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোছাঃ ইয়াসমিন হোসেন |
| (৩) | ১১(১) (চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ ফেরদৌসী সরকার |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ সেলিনা সুলতানা (শেলী) |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ রাবেয়া সুলতানা (রাবু) |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের মোছাঃ ইয়াসমিন হোসেন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৪৯**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, নন্দিগ্রাম, বগুড়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নন্দিগ্রাম উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মোছাঃ মাহফুজা বেগম |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোছাঃ ফাতেমা জোহরা |
| (৩) | ১১(১) (চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ শান্তা ইসলাম |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | শ্রীমতি রেখা রানী মহন্ত |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ মঞ্জুয়ারা বেগম |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মোছাঃ মাহফুজা বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৫০**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্যামনগর, সাতক্ষীরা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার শ্যামনগর উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মোছাঃ শামছুন্নাহার |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মিসেস শাহানা হামিদ |
| (৩) | ১১(১) (চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ ফতেমা বেগম |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ মর্জিনা বেগম |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | বেগম আমেনা গফফার |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের মিসেস শাহানা হামিদ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৫১**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার শ্রীপুর উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | জনাব সুফিয়া খাতুন |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | জনাব নাজমুন নাহার |
| (৩) | ১১(১) (চ) | বিশিষ্ট মহিলা | জনাব ফাতেমা খানম |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | জনাব কাজী সুরাইয়া ইয়াসমিন |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | জনাব সঞ্চিতা চক্রবর্তী |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের জনাব নাজমুন নাহার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং মশিবিম/শা-সেল/জামস/উঃজেঃকমিটি-০৩/২০১০(অংশ)/২৫২**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভেড়ামারা, কুষ্টিয়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ভেড়ামারা উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্য শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মোছাঃ নিলুফা ইয়াসমিন (ঝর্ণা) |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মোছাঃ তহমিনা খাতুন |
| (৩) | ১১(১) (চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ রওশনারা আলম |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ বলাকা পারভীন (সম্পা) |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ হাসিনা খানম |

২। উপরে উল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের মোছাঃ তহমিনা খাতুন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-৫-২০১৪ তারিখ হতে ৩১ ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৪। মেয়াদ শেষে নূতন কমিটি গঠনের যথাযথ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লোকমান আহাম্মদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-৩ (শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ভাদ্র ১৪২১/২৭ আগস্ট ২০১৪

নং ৫৪.০০.০০০০.০০৭.২৭.১২৯.১১-১৩৩/১(১৭)—যেহেতু, আপনি জনাব নাজমুল হাসান, নির্বাহী প্রকৌশলী, আখাউড়া বাইপাস প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, উক্ত পদে কর্মরত থাকাকালে কানাডাস্থ একটি নির্মাণ প্রতিষ্ঠানে প্রকৌশলী হিসেবে চাকুরি করার উদ্দেশ্যে ২(দুই) বছর লিয়েন মঞ্জুরির জন্য ১৪-৫-২০০৫ খ্রিঃ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয়ের (প্রাক্তন যোগাযোগ মন্ত্রণালয়ের রেল উইং শাখার) পত্র নং এমওসি/আরঃএ/এফএ-৬৭/৯৭-১৩৩৫ খ্রিঃ তারিখ ২৬-৬-২০০৫ এর মাধ্যমে কতিপয় শর্তে আপনার অনুকূলে ২(দুই) বছরের লিয়েন মঞ্জুর করা হয়। সে প্রেক্ষিতে আপনি ১-৮-২০০৫ তারিখে বাংলাদেশ রেলওয়ের স্বীয় পদের দায়িত্বভার ত্যাগ করে লিয়েনের চাকুরি করার উদ্দেশ্যে কানাডা গমন করেন। আপনার লিয়েনের মেয়াদ ৩১-৭-২০০৭ খ্রিঃ তারিখে শেষ হওয়ার পরও বাংলাদেশ রেলওয়েতে যোগদান করেননি; যেহেতু, আপনি অনুমতিসহ দেশত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ষাট দিন বা ততোধিককাল পুনঃ অনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করেছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধির অপরাধ বা 'অসদাচরণ' ও 'Desertion' এর পর্যায়ভুক্ত ও শাস্তিযোগ্য অপরাধ;

২। যেহেতু, আপনি জনাব নাজমুল হাসান, নির্বাহী প্রকৌশলী, আখাউড়া বাইপাস প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে এর এহেন আচরণ কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞাকরণ ও কর্তব্যে চরম অবহেলার শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজকর্মে অনুপস্থিত থাকা বা 'Desertion' এর দায়ে অভিযুক্ত করে আপনাকে এ বিভাগের ২৮-৬-২০১২ খ্রিঃ তারিখের ১৭১০ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারিপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; যা আপনার স্থায়ী এবং সর্বশেষ জ্ঞাত ঠিকানায় প্রেরণ করা হলে 'প্রাপক দেশের বাইরে থাকেন' উল্লেখপূর্বক ডাক বিভাগ হতে উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী বিনা জারিতে ফেরত আসে;

৩। যেহেতু, আপনি জনাব নাজমুল হাসান, নির্বাহী প্রকৌশলী, আখাউড়া বাইপাস প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব সৈয়দ জহুরুল ইসলাম, পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা আপনার বিরুদ্ধে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেছেন;

৪। যেহেতু, আপনি জনাব নাজমুল হাসান, নির্বাহী প্রকৌশলী, আখাউড়া বাইপাস প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে ২নং অনুচ্ছেদে বর্ণিত উক্ত কারণ দর্শানোর নোটিশের কোনরূপ জবাব প্রদান না করায় এবং তদন্ত কর্মকর্তার তদন্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৫) ও ৭(৬) বিধি মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণপূর্বক কেন চাকুরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য গত ১৭-৬-২০১৩ খ্রিঃ তারিখে ৪০৭ নং স্মারকমূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। তথাপি আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নিজকর্মে অনুপস্থিত রয়েছেন;

৫। যেহেতু, আপনি জনাব নাজমুল হাসান, নির্বাহী প্রকৌশলী, আখাউড়া বাইপাস প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে এর নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনমূলক কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি অনুযায়ী আপনাকে চাকুরি হতে বরখাস্ত করার লক্ষ্যে একই বিধিমালার ৭(৭) বিধি মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের পরামর্শ/মতামত চাওয়া হলে আপনাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' শাস্তি আরোপের এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে সরকারি কর্ম কমিশন কর্তৃক বিগত২৮-৫-২০১৪ খ্রিঃ তারিখের ২৩৩ নং স্মারকে একমত পোষণ করা হয়;

৬। যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত পাওয়ার পর আপনি জনাব নাজমুল হাসান-কে চাকুরি হতে বরখাস্তকরণের প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনের জন্য পেশ করা হলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক তা অনুমোদিত হয়;

৭। সেহেতু, এক্ষণে, আপনি জনাব নাজমুল হাসান, নির্বাহী প্রকৌশলী, আখাউড়া বাইপাস প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি অনুযায়ী কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিনানুমতিতে নিজকর্মে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১-৮-২০০৭ খ্রিঃ তারিখ থেকে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল কালাম আজাদ**
সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়

### অধিশাখা-৭ (কলেজ-২)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৭ ভাদ্র ১৪২১/১১ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.১২-৩৫১**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব সুলতান আহমেদ (১২৭৮৪), সহকারী অধ্যাপক (দর্শন), ইনস্টি, মাদারগঞ্জ এ এইচ জেড সরকারি কলেজ, মাদারগঞ্জ, জামালপুর গত ১৭-৯-২০১১ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু তিনি জবাব প্রদান করেননি। পরবর্তীতে জেলা প্রশাসক, জামালপুরকে তাঁর বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ কারণ দর্শানো নোটিশটি জারি করে রিটার্ন প্রদানের জন্য অনুরোধ করা হলে জেলা প্রশাসক জানান যে, "অভিযুক্ত কর্মকর্তা যুক্তরাষ্ট্রে সপরিবারে বসবাস করেন"। অতঃপর বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু উক্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি তার বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় জারি করা হলে প্রাপক দেশের বাহিরে থাকায় পত্র দু'টি ফেরৎ আসে";

যেহেতু, জনাব মোঃ সুলতান আহমেদ এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মোঃ সুলতান আহমেদ (১২৭৮৪), সহকারী অধ্যাপক (দর্শন), ইনস্টি, মাদারগঞ্জ এ এইচ জেড সরকারি কলেজ, মাদারগঞ্জ, জামালপুরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হ'ল।

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৭২.১৩-৩৫২**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব. আফতাবউদ্দিন আহমেদ (২৬৮), অধ্যাপক (মনোবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সংযুক্ত ইডেন মহিলা কলেজ, ঢাকা) গত ৯-৫-২০১৩ তারিখে চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম হতে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত, ইডেন মহিলা কলেজ, ঢাকায় বদলি করা হয়। কিন্তু উক্ত কর্মকর্তা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন, সেহেতু গত ২৯-৬-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানিতে তিনি জানান যে, গত ১৯-৫-২০১৩ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে যোগদান করে ২২-৫-২০১৩ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে ছাড়পত্র নিয়ে ইডেন মহিলা কলেজে যোগদান করতে যান। উক্ত কলেজের অধ্যক্ষ তাঁর যোগদানপত্র গ্রহণ না করে তাঁকে মন্ত্রণালয়ে যোগাযোগ করতে বলেন। তিনি মন্ত্রণালয়ে যুগ্মসচিব (কলেজ) এর সাথে সরাসরি যোগাযোগ করেন। কিন্তু ইতোমধ্যে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি আগামী ২৫-৯-২০১৪ তারিখে পিআরএল যাবেন। তিনি ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন। সার্বিক বিবেচনায় তাঁকে "তিরস্কার" করে অননুমোদিত অনুপস্থিত সময়কে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আফতাবউদ্দিন আহমেদ এর ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁকে "তিরস্কার" করা হ'ল এবং তাঁর অননুমোদিত অনুপস্থিত সময়কালকে (২২-৫-২০১৩ তারিখ হতে ২৮-৬-২০১৪ তারিখ পর্যন্ত) অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ সাদিক**
সচিব।

---

## সমাজকল্যাণ মন্ত্রণালয়

### প্রশাসন-৪ শাখা

### আদেশ

তারিখ, ১০ ভাদ্র ১৪২১/২৫ আগস্ট ২০১৪

**নং ৪১.০০০০.০০.০৩৬.০৪.০৫৯.১৩-৩৬৪**—যেহেতু, জনাব মোঃ আল-মামুন, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), মিঠাপুকুর, রংপুর এর বিরুদ্ধে তাঁর স্ত্রী সুফিয়া আখতার কর্তৃক 'নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০' রংপুর কোতয়ালী থানায় দায়েরকৃত মামলায় (মামলা নং-৪৩ তারিখ ১২-৮-২০১৩) বিজ্ঞ আদালত তাঁকে জেল হাজতে প্রেরণ করে; এবং

যেহেতু, গত ২৪-১১-২০১৩ তারিখে ২৬৮নং স্মারক যোগে তাঁকে বিএসআর পার্ট-১ বিধি ১১(১) মোতাবেক সরকারি চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, পরবর্তীতে স্বামী-স্ত্রীর মধ্যে আপোষ মিমাংসা হওয়ায় বিজ্ঞ নারী ও শিশু দমন ট্রাইব্যুনাল, রংপুর কর্তৃক গত ২৩-৬-২০১৪ তারিখে ফৌজদারী কার্যবিধি'র ২৬৫(বি) ধারা অনুসারে অভিযুক্তকে 'অভিযোগের দায়' হতে অব্যাহতি প্রদান করে মামলাটি নিষ্পত্তি হয়েছে; এবং

সেহেতু, জনাব মোঃ আল-মামুন, উপজেলা সমাজসেবা অফিসার (সাময়িক বরখাস্ত), মিঠাপুকুর, রংপুর এর 'সাময়িক বরখাস্ত'র আদেশ প্রত্যাহার করা হলো।

২। তিনি 'সমায়িক বরখাস্তকালীন' সময়ের বিধি মোতাবেক সকল বকেয়া প্রাপ্য হবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নাছিমা বেগম** এনডিসি
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**শৃংখলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ আশ্বিন ১৪২১/২৩ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৩-৭৪৬**—যেহেতু, ডাঃ মোঃ আফজাল আহমেদ (কোড-১১১৫১৯), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট গত ১৮-৭-২০০৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে ২১-১-২০১৩ তারিখে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

সেহেতু, তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতকাল একনাগাড়ে ৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১) এর-৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে সেহেতু এই অবসান ডাঃ মোঃ আফজাল আহমেদ (কোড-১১১৫১৯), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কোম্পানীগঞ্জ, সিলেট এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৯-৭-২০১০ তারিখ হতে কার্যকর হবে।

এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হল।

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**আদেশ**

তারিখ, ৮ আশ্বিন ১৪২১/২৩ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৩-৭৪৭**—যেহেতু, ডাঃ মুহাম্মদ ইয়াছের আরাফাত (৪১৪৭৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া নাটোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ২৬-২-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৩-২২৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে **১ম** কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মুহাম্মদ ইয়াছের আরাফাত (৪১৪৭৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোরকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৮-৩-২০১২ ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এই আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ১৫ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৩.২০১৩-৭২৩**—যেহেতু, ডাঃ মোঃ আসাদুজ্জামান (১০২৫০৭০), মেডিকেল অফিসার, জুনিয়র কনসালটেন্ট পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাঁচবিবি, জয়পুরহাট (প্রাক্তন মেডিকেল অফিসার, হলুদঘর উপস্বাস্থ্য কেন্দ্র, সাথিয়া, পাবনা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩-১১-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৩.২০১৩-৯৪৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিলপূর্বক অসদাচরণ এবং ২০-২-২০১২ তারিখ হতে ৩-৪-২০১২ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আসাদুজ্জামান (১০২৫০৭০), মেডিকেল অফিসার, জুনিয়র কনসালটেন্ট পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাঁচবিবি, জয়পুরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তারিখ, ১৭ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৩-৭৩৫**—যেহেতু, ডাঃ মো সফিকুল ইসলাম (৩৯৮২৭), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে সরকারি

কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে ৩-২-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৩.২০১৩-১০৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত জ্ঞাপন করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ সফিকুল ইসলাম (৩৯৮২৭), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানা করা হল।

তারিখ, ২ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৪-৭৪৯**—যেহেতু, ডাঃ রোকসানা আহমেদ (১০১১৯৪২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৮-৬-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪০.২০১৪-৪৬৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩-৭-২০১৪ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, প্রেষণে অধ্যয়নরত থাকা অবস্থায় তাঁকে বদলি করা হয় এবং উক্ত আদেশ সম্পর্কে তিনি অবহিত ছিলেন না। ফলে বদলি আদেশ প্রতিপালনেরও সুযোগ ছিল না। তিনি ডিপ্লোমা-ইন-কার্ডিওলজি কোর্সে অধ্যয়নের জন্য স্মারক নং-৩১৭, তারিখ ২৪-৯-২০১২ ইং মোতাবেক গত ১-৭-২০১২ ইং তারিখ হতে ৩০-৬-২০১৩ ইং তারিখ পর্যন্ত প্রেষণে বিএসএমএমইউ ঢাকায় কর্মরত ছিলেন। ডিপ্লোমা কোর্স ২(দুই) বছর মেয়াদী হওয়ায় পরবর্তীতে তার আবেদনের প্রেক্ষিতে মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪৮, তারিখ ৪-৮-২০১৩ ইং মোতাবেক ১-৭-২০১৩ইং তারিখ হতে ৩০-৬-২০১৪ তারিখ আরো ২(দুই) বছর প্রেষণের মেয়াদ বৃদ্ধি করা হয়।

এক্ষণে, সেহেতু, ডাঃ রোকসানা আহমেদ (১০১১৯৪২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

**প্রকল্প বাস্তবায়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ সেপ্টেম্বর ২০১৪

**নং স্বাপকম/প্রবা-১/ওপি কমিটি-০১/২০১২/৫৫৭**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি (HPNSDP)এর আওতায় অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) শীর্ষক অপারেশনাল প্ল্যানের সংস্থান অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগের লক্ষ্যে আদিষ্ট হয়ে নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ২টি নিয়োগ/বাছাই কমিটি গঠন করা হলো। গঠিত কমিটি ২টি নিম্নরূপ ঃ

**(ক) কর্মকর্তাদের জন্য নিয়োগ/বাছাই কমিটি ঃ**

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (প্রবা)/উপ-সচিব (প্রবা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৩) পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৪) অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রী কলেজ/সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) লাইন ডাইরেক্টর, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**(খ) কর্মচারীদের জন্য নিয়োগ/বাছাই কমিটি ঃ**

**সভাপতি**

(১) লাইন ডাইরেক্টর, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) উপ-পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৩) সিনিয়র সহকারী সচিব (প্রবা-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রী কলেজ/সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ, ঢাকা (এএমসি বিশেষজ্ঞ)।

**সদস্য-সচিব**

(৫) উপ-পরিচালক/পিএম, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। এ কমিটি সরকারি সকল বিধি-বিধান পালনপূর্বক জনবল নিয়োগের লক্ষ্যে প্রার্থী নির্বাচন করবে এবং নিয়োগের জন্য সুপারিশ করবে।

**সুশীল কুমার পাল**
সহকারী সচিব।

## হাসপাতাল-০৩ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ আগস্ট ২০১৪

**নং স্বাপকম/হাস-৩/৬-৫/০৫/৩৯১**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের হাসপাতাল-৩ শাখার ১-৬-২০১১ তারিখের স্বাপকম/হাস-৩/৬-৫/০৫/৩৩২ সংখ্যক প্রজ্ঞাপনের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে "বাংলাদেশ ন্যাশনাল কাউন্সিল ফর দি বাইন্ড" (BNCB) এর কাউন্সিল পুনর্গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| (৩) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা | সদস্য |
| (৫) | মহা-পরিচালক, সমাজকল্যাণ অধিদপ্তর | সদস্য |
| (৬) | সভাপতি, বি, এম, এ | সদস্য |
| (৭) | অধ্যাপক (চক্ষু) ও বিভাগীয় প্রধান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা | সদস্য |
| (৮) | সভাপতি, চক্ষু বিশেষজ্ঞ বাংলাদেশ চক্ষু চিকিৎসক সমিতি (ও.এস.বি) | সদস্য |
| (৯) | সভাপতি, বাংলাদেশ একাডেমী অব অফথালমোলজি | সদস্য |
| (১০) | চেয়ারম্যান, চক্ষু বিভাগ, বিএসএমএমইউ | সদস্য |
| (১১) | পরিচালক, বিএনএসবি, চট্টগ্রাম | সদস্য |
| (১২) | বারডেম হাসপাতাল, ঢাকা এর একজন প্রতিনিধি, চক্ষু বিশেষজ্ঞ | সদস্য |
| (১৩) | কান্ট্রি ডিরেক্টর, সাইট সেভার্স | সদস্য |
| (১৪) | কান্ট্রি ডিরেক্টর, অরবিস | সদস্য |
| (১৫) | কান্ট্রি ডিরেক্টর, হেলেন কিলার ইন্টারন্যাশনাল | সদস্য |
| (১৬) | কান্ট্রি প্রোগ্রাম ম্যানেজার, দি ফ্রেড হলোস ফাউন্ডেশন | সদস্য |
| (১৭) | কান্ট্রি রিপ্রেজনটেটিভ, সিবিএম | সদস্য |
| (১৮) | চেয়ারম্যান, বাংলাদেশ লায়ন আই ফাউন্ডেশন | সদস্য |
| (১৯) | সভাপতি, রোটারী ক্লাব ইন্টারন্যাশনাল | সদস্য |
| (২০) | প্রকল্প পরিচালক, ২৫০ শয্যাবিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা | সদস্য |
| (২১) | ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন এর একজন প্রতিনিধি | সদস্য |
| (২২) | পরিচালক, সেবা পরিদপ্তর | সদস্য |
| (২৩) | সভাপতি, সন্ধানী জাতীয় চক্ষু দান সমিতি, ঢাকা | সদস্য |
| (২৪) | সভাপতি, বাংলাদেশ কমিউনিটি অফথালমোলজি সোসাইটি | সদস্য |
| (২৫) | উপদেষ্টা, ইসলামিয়া চক্ষু হাসপাতাল, ঢাকা | সদস্য |
| (২৬) | অধ্যক্ষ ও অধ্যাপক (চক্ষু), গ্রীন লাইফ মেডিকেল কলেজ, বেসরকারি মেডিকেল কলেজ-এর একজন প্রতিনিধি | সদস্য |
| (২৭) | চেয়ারম্যান, ঢাকা প্রগ্রেসিভ লায়ন্স চক্ষু হাসপাতাল (বেসরকারি চক্ষু সেবা দানকারী সংস্থার প্রতিনিধি) | সদস্য |
| (২৮) | শেখ কবির হোসেন, প্রাক্তন আন্তর্জাতিক পরিচালক, লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল | সদস্য |
| (২৯) | পরিচালক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা | সদস্য-সচিব |

২। মেয়াদ ঃ কাউন্সিলের মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। তহবিল ও অর্থ সংস্থান ঃ কাউন্সিলের নিজস্ব বাজেট থাকবে। এটি সরকারি, স্থানীয় ও বিদেশী অনুদান/মঞ্জুরী এবং সরকার অনুমোদিত অন্য কোন উৎস হতে প্রাপ্ত অর্থ দ্বারা পরিচালিত হবে।

৪। সভা ঃ কাউন্সিল বছরে ন্যূনতম ২(দুই) বার সভায় মিলিত হবেন এবং এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

৫। কার্যপরিধি ঃ (ক) অন্ধত্ব দূরীকরণ এবং অন্ধ ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম সম্প্রসারণের ক্ষেত্রে সরকারকে পরামর্শ প্রদান;

(খ) সমন্বিত অন্ধত্ব দূরীকরণ কর্মসূচী অনুমোদন এবং এ বিষয়ে নীতিমালা নির্ধারণ;

(গ) পুষ্টিহীনতা ও অন্যান্য কারণজনিত অন্ধত্ব হতে শিশুদের সুরক্ষা জোরদারকরণ;

(ঘ) অন্ধত্ব প্রতিরোধকমূলক ব্যবস্থাকে শক্তিশালীকরণ;

(ঙ) অন্ধ ব্যক্তিদের কল্যাণমুখী পুনর্বাসনের লক্ষ্যে শিক্ষা ও প্রশিক্ষণমূলক কার্যক্রমের সুযোগ সৃষ্টি এবং এ ধরনের প্রশিক্ষণমূলক কর্মসূচিকে শক্তিশালীকরণ;

(চ) দৃষ্টিশক্তি প্রতিবন্ধীদের কর্মসংস্থান শক্তিশালীকরণ;

(ছ) কাউন্সিলের একটি নির্বাহী কমিটি থাকবে এবং যা কাউন্সিল কর্তৃক গঠিত হবে;

(জ) সরকার কর্তৃক প্রদত্ত অন্য কোন দায়িত্ব।

২। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৮ সেপ্টেম্বর ২০১৪

**নং স্বাপকম/হাস-৩/৮-২৪/২০০৭/৪২২**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের হাসপাতাল-৩ শাখার গত ২৪-৪-২০১৪ তারিখের স্বাপকম/হাস-৩/৮-২৪/২০০৭/১৯৪ সংখ্যক স্মারকের ধারাবাহিকতায় একজন সদস্য অন্তর্ভুক্ত করে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে ঢাকা ন্যাশনাল মেডিকেল ইনস্টিউটি হাসপাতাল-এর ব্যবস্থাপনা বোর্ড পুনর্গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) এডভোকেট কাজী ফিরোজ রশিদ, সংসদ সদস্য, ঢাকা-০৬

**সদস্যবৃন্দ**

(২) জনাব আবু আহমেদ মান্নাফী (বীর মুক্তিযোদ্ধা), ১৬, লারমিনি স্ট্রীট, ওয়ারী, ঢাকা

(৩) অধ্যক্ষ, ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা

(৪) উপ-সচিব (বাজেট), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৫) উপ-সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৬) উপ-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৭) জেলা প্রশাসক, ঢাকা

(৮) এ. এম. মোস্তফা মাহমুদুন্নবী, ১২৩, বনগ্রাম রোড, ঢাকা

(৯) অধ্যাপক ডাঃ মোশতাক আহমেদ, সার্জারী বিভাগ, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা

(১০) জনাব মোঃ বাচ্চু মিয়া (এম.এ), ০৬ নং রাজার দেউরী, কোতয়ালী, ঢাকা

(১১) হাজী মোঃ সেলিম, সাবেক কমিশনার, ৩৭/কাজী আব্দুর রউফ রোড, কলতাবাজার, ঢাকা

(১২) জনাব আলমগীর সিকদার লোটন, ১৩/৪, পিসি ব্যানার, জি-লেন, সিংটলা, সূত্রাপুর, ঢাকা

(১৩) জনাব ময়নুল হক মনজু, সাবেক কমিশনার, ৫৫, কে এম দাস লেন, ওয়ারী, ঢাকা

(১৪) জনাব সালাউদ্দিন বাদল, ০৭নং উত্তর ময়ষড়ী, টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা

(১৫) জনাব হেদায়েতুল ইসলাম স্বপন, বিশিষ্ট সমাজসেবক, ১৮/১, নারিন্দা লেন, গেন্ডারিয়া

(১৬) হাজী মোঃ সাহিদ, সাবেক কমিশনার ও বিশিষ্ট সমাজসেবক, ৩০ দেবেন্দ্রনাথ দাস লেন, সূত্রাপুর, ঢাকা

(১৭) জনাব আলীমুজ্জামান আলম, ১৩৫ নবাবপুর রোড, ওয়ারী, ঢাকা

(১৮) জনাব দেবাশীষ বিশ্বাস, ১১৮ শাখারী বাজার, ঢাকা

(১৯) জনাব গাজী সারোয়ার হোসেন বাবু, ৪/ হেমন্তদাস রোড, সূত্রাপুর, ঢাকা

(২০) এডভোকেট মাহবুবুর রহমান, ৫৭ সতীশ সরকার রোড, গেন্ডারিয়া, ঢাকা

(২১) জনাব মনিরুল হক রবিন, ৮৭ ডিস্ট্রিলারি রোড, গেন্ডারিয়া, ধুপখোলা, ঢাকা

**সদস্য-সচিব**

(২২) পরিচালক, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা

**(খ) ব্যবস্থাপনা বোর্ডের কার্যপরিধি ঃ**

(১) হাসপাতালটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যাবতীয় কার্য সম্পাদন;

(২) হাসপাতাল সম্প্রসারণ ও আধুনিকীকরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;

(৩) হাসপাতালের আয় ব্যয়সমূহ নিয়ন্ত্রণ ও নিয়মিতকরণ;

(৪) হাসপাতালটির জন্য একটি উপযুক্ত গঠনতন্ত্রের খসড়া প্রণয়ন;

(৫) হাসপাতালটির জন্য একটি বোর্ড অব ট্রাস্টিজ গঠন সংক্রান্ত;

(৬) প্রতিমাসে অন্ততঃ একবার হাসপাতালের ব্যবস্থানা বোর্ড সভা অনুষ্ঠান;

(৭) স্বীকৃত চাটার্ড একাউন্টেন্ট ফার্ম কর্তৃক হাসপাতালের বার্ষিক হিসাব নিরীক্ষা করানো এবং তাদের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ;

(৮) হাসপাতালের জন্য প্রাপ্ত এবং সৃষ্ট সমুদয় ফান্ডের সুষ্ঠু ব্যবহার ও বিধি সম্মত হিসাবরক্ষণ;

(৯) প্রতিষ্ঠানের সম্পাদিত কাজের বিবরণীসহ সরকার কর্তৃক আদিষ্ট সকল রিপোর্ট ও রিটার্ণ প্রদান।

(গ) সরকার প্রয়োজনবোধে বোর্ডের কার্যকাল এবং সদস্য সংখ্যা হ্রাস বৃদ্ধি করতে পারবেন।

(ঘ) বোর্ডের কার্যকালের মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ৫(পাঁচ) বছর হবে।

(ঙ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুরুন্নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ শ্রাবণ ১৪২১/২১ জুলাই ২০১৪

**নং ০৭.০০.০০০০.১৭৩.৩৮.০০৬.১৪-১০৮**— ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রস্তাবিত পোশাক বিধিমালায় পোশাকের আইটেমসমূহের উপর নিম্নরূপভাবে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো ঃ

| ক্রমিক নং | সামগ্রীর নাম | কি কি কাজে ব্যবহৃত হয় | জনপ্রতি প্রাধিকার | | যারা প্রাপ্য হবেন | |
|---|---|---|---|---|---|---|
| | | | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রস্তাব | অর্থ বিভাগের সুপারিশ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রস্তাব | অর্থ বিভাগের সুপারিশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | শীতকালীন জ্যাকেট | শীতকালীন সময়ে অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের পরিধানের জন্য | ৪৮ মাসে ১টি | শীতকালীন জ্যাকেটের প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | সকল অপারেশনাল কর্মর্কা/কর্মচারী | প্রযোজ্য নয় |
| (২) | ফায়ারম্যান স্যুট | অপারেশনাল কর্মকর্তা/কর্মচারীদের অগ্নিনির্বাপন কাজে ব্যবহারের জন্য | ২৪ মাসে ১টি | ৬০ মাসে ১টি | ফায়ারম্যান হতে মহাপরিচালক | একমত |
| (৩) | ফরমেশন সাইন | কর্মকর্তা ও কর্মচারীদের পোষাকে ব্যাজেজ অব র‌্যাংস হিসাবে ব্যবহারের জন্য | ১২ মাসের ১টি | ২৪ মাসে ১টি | ঐ | ঐ |
| (৪) | সেফটি বুট | কর্মকর্তা ও কর্মচারীদের উদ্ধার কাজে নিরাপত্তার কাজে ব্যবহৃত | ২৪ মাসে ১ জোড়া | ৪৮ মাসে ১ জোড়া | ঐ | ঐ |
| (৫) | ক্যারামিনা | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীর জন্য একটি রেসকিউ সরঞ্জাম। ইহা উদ্ধার কাজে ব্যবহৃত হয় | ৩৬ মাসে ১টি | ৬০ মাসে ১টি | ঐ | ঐ |
| (৬) | স্যু-ব্রাশ | পালিশের জন্য ব্যবহৃত হয় | ১২ মাসে ২টি | ১২ মাসে ১টি | ঐ | ঐ |
| (৭) | কিপ ক্যাপ | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীগণের ইউনিফরমের সাথে পরিধান হিসাবে ব্যবহৃত | ৩৬ মাসে ১টি | ৪৮ মাসে ১টি | সাব অফিসার হতে মহাপরিচালক | ঐ |
| (৮) | উলেন কম্বল | শীতকালীন সময়ে অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীগণ ব্যবহার করেন | ৩৬ মাসে ১টি | ৬০ মাসে ১টি | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ৩য় ও ৪র্থ শ্রেণীর অপারেশনাল কর্মচারীগণ |
| (৯) | স্যু-পলিশ | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের ডি এম এস বুট পালিশের জন্য ব্যবহার করা হয় | ১২ মাসে ২টি | ১২ মাসে ১টি | নার্সিং এটেনডেন্ট/ ফায়ারম্যান হতে মহাপরিচালক | নার্সিং এটেনডেন্ট/ ফায়ারম্যান হতে ৯ম গ্রেড পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীগণ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| (১০) | মশারী | কর্মকর্তা ও কর্মচারীগণ ব্যারাকে/বাসায় ব্যবহারের জন্য | ৩৬ মাসে ১টি | ৬০ মাসে ১টি | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ৩য় ও ৪র্থ শ্রেণীর অপারেশনাল কর্মচারীগণ |
| (১১) | বিছানার চাদর (পিলো কাভারসহ) | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের ব্যবহারের জন্য | ২৪ মাসে ১ সেট | ৩৬ মাসে ১ সেট | ঐ | ঐ |
| (১২) | স্যু-অক্সফোর্ড | কর্মকর্তাদের ব্যবহারের জন্য | ১২ মাসে ১ জোড়া | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | সাব অফিসার হতে মহাপরিচালক | প্রযোজ্য নয় |
| (১৩) | কেডস (অফিসার) | অফিসারদের পিটি ও গেমস এ ব্যবহার করার জন্য | ১২ মাসে ১ জোড়া | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | সাব অফিসার হতে মহাপরিচালক | ঐ |
| (১৪) | বুট (ডিএমএস) | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের ইউনিফরমের সাথে পরিধানের জন্য | ১২ মাসে ১ জোড়া | ২৪ মাস ১ জোড়া | নার্সিং এটেনডেন্ট/ ফায়ারম্যান হতে মহাপরিচালক | নার্সিং এটেনডেন্ট/ ফায়ারম্যান হতে ৯ম গ্রেড পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীগণ |
| (১৫) | FSCD সোল্ডার লেটার | ইউনিফরমের সাথে ব্যবহারের জন্য | ১৮ মাসে ১ জোড়া | ২৪ মাস ১ জোড়া | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | একমত |
| (১৬) | র‌্যাংক ব্যাজ (পদবী অনুযায়ী) | র‌্যাংক ব্যাজ অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের সনাক্তকরণের জন্য ব্যবহৃত | ১৮ মাসে ১ সেট | ২৪ মাস ১ সেট | ঐ | ঐ |
| (১৭) | হ্যাংগিং ব্যাজ (ডীভ সাইন) | কর্মকর্তা ও কর্মচারীদের ইউনিফরমে ব্যবহারের জন্য | ২৪ মাসে ১টি | একমত | ঐ | ঐ |
| (১৮) | ব্যারেট ক্যাপ | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের পরিধানের জন্য | ১২ মাসে ১টি | ঐ | ফায়ারম্যান হতে মহাপরিচালক | ঐ |
| (১৯) | ফিল্ড ক্যাপ | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের পরিধানের জন্য | ১২ মাসে ১টি | ২৪ মাস ১টি | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ঐ |
| (২০) | ইউনিফরম | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নির্ধারিত পোশাক হিসাবে | ১২ মাসে ২টি | ২৪ মাস ৩টি | ঐ | ঐ |
| (২১) | উলেন জার্সি | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের শীতকালীন সময় ব্যবহৃত | ২৪ মাসে ১টি | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ সম্মত নয় | ঐ | প্রযোজ্য নয় |
| (২২) | নেইম প্লেট | নামের পরিচিতি হিসেবে ইউনিফরমের সাথে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ২৪ মাসে ১টি | ঐ | একমত |
| (২৩) | কালো মোজা (সুতি নাইলন) | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের পরিধানের জন্য | ১২ মাসে ২ জোড়া | একমত | ঐ | ৩য় ও ৪র্থ শ্রেণীর অপারেশনাল কর্মচারীগণ |
| (২৪) | ওয়েব বেল্ট | কর্মকর্তা ও কর্মচারীদের ইউনিফরমের সাথে ওয়েব বেল্ট ব্যবহার করা হয় | ৩৬ মাসে ২টি | ২৪ মাসে ১টি | ঐ | ঐ |
| (২৫) | পিটি-স্যু | কর্মচারীদের ফিটনেস থাকার নিয়মিত পিটি ও গেমস্‌করনের জন্য ব্যবহৃত | ১২ মাসে ২ জোড়া | ১২ মাসে ১ জোড়া | লিডার ও ফায়ারম্যান | একমত |
| (২৬) | উলেন কার্ডিগান (কমলা রং) | মহিলা অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের শীতকালীন বস্ত্র হিসাবে ব্যবহৃত হয় | ২৪ মাসে ১টি | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | নার্সিং এটেনডেন্ট ও মবিলাইজিং অফিসার | প্রযোজ্য নয় |
| (২৭) | রিবন (সবুজ) | কর্মচারীদের পোষাকের ডান বাহুতে ব্যবহারের জন্য | ১২ মাসে ০.২৫ মিঃ | একমত | ফায়ারম্যান, লিডার ও নার্সিং এটেনডেন্ট | একমত |
| (২৮) | দড়ি | কর্মচারীদের অগ্নিকান্ড ও উদ্ধার কাজে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ২৪ মাসে ১টি | লিডার ও ফায়ারম্যান | একমত |
| (২৯) | সাদা গেঞ্জী (সুতি) | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের পরিধানের জন্য | ১২ মাসে ২টি | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | প্রযোজ্য নয় |
| (৩০) | পাঞ্জাবী (সাদা কাপড়ের) | কর্মচারীদের (ধর্মীয় শিক্ষক) ব্যবহারের জন্য | ১২ মাসে ২টি | ১২ মাসে ১টি | ধর্মীয় শিক্ষক | একমত |
| (৩১) | পাম্প-স্যু (লেদার) | কর্মচারীদের (ধর্মীয় শিক্ষক) ব্যবহারের জন্য | ১২ মাসে ১ জোড়া | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | ধর্মীয় শিক্ষক | প্রযোজ্য নয় |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| (৩২) | টিউনিক (আনুষ্ঠানিক পোশাক) | ধর্মীয় শিক্ষকদের পরিধানের জন্য | ১২ মাসে ১ সেট | ২৪ মাসে ১টি | ধর্মীয় শিক্ষক | একমত |
| (৩৩) | পায়জামা (সাদা কাপড়ের) | ধর্মীয় শিক্ষকদের পরিধানের জন্য | ১২ মাসে ২টি | ১২ মাসে ১টি | ধর্মীয় শিক্ষক | একমত |
| (৩৪) | টুপি (লিয়াকত ক্যাপ) | ধর্মীয় শিক্ষকদের পরিধানের জন্য | ১২ মাসে ১টি | একমত | ধর্মীয় শিক্ষক | একমত |
| (৩৫) | শাড়ী (সুতি বিস্কুট রং) | মহিলা কর্মকর্তা/কর্মচারীদের জন্য | ১২ মাসে ২টি | একমত | মহিলা নার্সিং এটেনডেন্ট ও মবিলাইজিং অফিসার | ঐ |
| (৩৬) | ব্লাউজ (সুতি লাল রং) | অপারেশনাল মহিলা কর্মকর্তা/কর্মচারীদের ইউনিফরম হিসাবে ব্যবহৃত | ১২ মাসে ২টি | একমত | ঐ | ঐ |
| (৩৭) | পেটি কোট (সুতি) | মহিলা কর্মকর্তা/কর্মচারীদের ব্যবহারের জন্য | ১২ মাসে ২টি | একমত | মহিলা নার্সিং এটেনডেন্ট ও মবিলাইজিং অফিসার | ঐ |
| (৩৮) | সেন্ডেল (মহিলা) | মহিলা কর্মকর্তা/কর্মচারীদের জন্য | ১২ মাসে ১ জোড়া | একমত | মহিলা নার্সিং এটেনডেন্ট ও মবিলাইজিং অফিসার | ঐ |
| (৩৯) | এ্যাপ্রোন (সুতি সাদা রং) | মহিলা কর্মকর্তা/কর্মচারীদের শাড়ীর সাথে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | একমত | ঐ | ঐ |
| (৪০) | বেল্ট (সুতি সাদা) | কর্মকর্তা/কর্মচারীদের পিটি ও গেমসএ ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | একমত | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ঐ |
| (৪১) | শেরোয়ানি | ধর্মীয় শিক্ষকদের ব্যবহারের জন্য | ৩৬ মাসে ১টি | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | ধর্মীয় শিক্ষক | প্রযোজ্য নয় |
| (৪২) | টারবান | ধর্মীয় শিক্ষকদের ব্যবহারের জন্য | ৩৬ মাসে ১টি | ঐ | ধর্মীয় শিক্ষক | ঐ |
| (৪৩) | গলা বন্ধনী | শুধু বিভাগীয় ও জাতীয় উৎসবে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ঐ | অনির্ধারিত | ঐ |
| (৪৪) | সাদা হাত মোজা | শুধু বিভাগীয় ও জাতীয় উৎসবে ব্যবহারের জন্য | ১২ মাসে ২ জোড়া | ঐ | ঐ | ঐ |
| (৪৫) | রেড সার্স | শুধু বিভাগীয় ও জাতীয় উৎসবে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ঐ | ঐ | ঐ |
| (৪৬) | রেসকিউ বেল্ট | কর্মকর্তা ও কর্মচারীগণ উদ্ধার কাজে পরিধানের জন্য | ১২ মাসে ১টি | ৬০ মাসে ১টি | ফায়ারম্যান হতে মহাপরিচালক | ৯ম গ্রেড পর্যন্ত অপারেশনাল কর্মকর্তা-কর্মচারীগণ |
| (৪৭) | হেলমেট | আগুন ও উদ্ধার কাজে কর্মকর্তা/কর্মচারীদের মাথা সুরক্ষিত রাখার জন্য | ৩ বৎসর ১টি | ৬০ মাসে ১টি | ঐ | একমত |
| (৪৮) | রেইন কোর্ট | কর্মচারীদের বর্ষাকালে ডিউটিতে ব্যবহারের জন্য | ৬০ মাসে ১টি | ৬০ মাসে ১টি | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ঐ |
| (৪৯) | টর্চ লাইট | কর্মকর্তা ও কর্মচারীদের আগুন ও উদ্ধার কাজে ব্যবহারের জন্য | ৬০ মাসে ১টি | ৬০ মাসে ১টি (ইউনিট ভিত্তিক সংরক্ষণ) | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী (সর্ব মোট ৪০০০টি) |
| (৫০) | গ্রেড কোর্ট | কর্মচারীগণ সেন্ট্রি ডিউটিতে শীতকালে ব্যবহার করেন | ৬০ মাসে ১টি | একমত | লিডার ও ফায়ারম্যান | ফায়ারম্যান |
| (৫১) | এফপি (পিতলের) | কর্মচারীগণ সেন্ট্রি ডিউটিতে ব্যবহার করেন | ৬০ মাসে ১ জোড়া | ৬০ মাসে ১ জোড়া | লিডার ও ফায়ারম্যান | একমত |
| (৫২) | ফায়ার এক্স | অপারেশনাল কর্মচারীদের সেন্ট্রি ডিউটি, উদ্ধার ও আগুন নির্বাপন কাজে তালা ভাঙ্গার জন্য ব্যবহার করা হয় | চাকুরী জীবনে ১ বার | ইউনিট ভিত্তিক সংরক্ষণ | লিডার ও ফায়ারম্যান | লিডার ও ফায়ারম্যান (সর্বমোট ১৫০০টি) |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| (৫৩) | স্টীল ট্রাংক | অপারেশনাল কর্মকর্তা ও কর্মচারীদের ব্যবহারের জন্য | চাকুরী জীবনে ১ বার | একমত | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ৩য় ও ৪র্থ শ্রেণীর অপারেশনাল কর্মচারীগণ |
| (৫৪) | কোশেস | অপারেশনাল কর্মকর্তা/কর্মচারীদের | চাকুরী জীবনে ১ বার | একমত | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | একমত |
| (৫৫) | পিক ক্যাপ ব্যাজ | অপারেশনাল কর্মকর্তা/কর্মচারীদের ক্যাপে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ২৪ মাসে ১টি | সাব-অফিসার হতে মহাপরিচালক | ঐ |
| (৫৬) | ব্যারেট ক্যাপ ব্যাজ (লাল) | অপারেশনাল কর্মকর্তা/কর্মচারীদের ক্যাপে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ২৪ মাসে ১টি | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ঐ |
| (৫৭) | ফিল্ড ক্যাপ ব্যাজ | অপারেশনাল কর্মকর্তা/কর্মচারীদের ক্যাপে ব্যবহারের জন্য | ১২ মাসে ১টি | ২৪ মাসে ১টি | ঐ | ঐ |
| (৫৮) | জর্জেট প্যাচ | অপারেশনাল উর্ধ্বতন কর্মকর্তাদের কলারে ব্যবহার করা হয় | ৬০ মাসে ২ জোড়া | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | সহকারী পরিচালক হইতে মহাপরিচালক | প্রযোজ্য নয় |
| (৫৯) | ব্রাসো | কর্মকর্তা/কর্মচারীদের ফায়ার ব্যাজ, র‍্যাংক ব্যাজ ও বেল্ট পরিষ্কার করার জন্য ব্যবহার করা হয় | ১২ মাসে ১টি | একমত | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | ৩য় ও ৪র্থ শ্রেণীর অপারেশনাল কর্মচারীগণ |
| (৬০) | আন্ডার ওয়্যার | অপারেশনাল কর্মকর্তা/কর্মচারীদের পরিধানের জন্য | ১২ মাসে ২টি | প্রাধিকার সৃজনে অর্থ বিভাগ একমত নয় | সকল অপারেশনাল কর্মকর্তা/কর্মচারী | প্রযোজ্য নয় |

**তবে শর্ত থাকে যে,**

(ক) এ বিষয়ে সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয় এটি গেজেট আকারে প্রকাশের ব্যবস্থা নেবে; এবং

(খ) এ বাবদ প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অনুকূলে প্রদত্ত বরাদ্দসীমা হতে নির্বাহ করতে হবে।

**মোঃ শাহজাহান**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ অগ্রহায়ণ ১৪২১/৩০ নভেম্বর ২০১৪

**নং প্রম/এএফএমসি/নি-১/২০১২/ডি-৪/৪৯৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৫.০৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-১৩৮ তারিখ, ৩১ মার্চ ২০১১ এর পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ-এর ১ম ও ২য় শ্রেণীর বেসামরিক পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত ১ম ও ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে বিভাগীয় নিয়োগ কমিটি গঠন করা হল :

(ক) **১ম শ্রেণীর বেসামরিক পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত ১ম শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি :**

(১) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় — সভাপতি

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি — সদস্য

(৩) অর্থ বিভাগের যুগ্ম-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি — সদস্য

(৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ — সদস্য

(৫) বাংলাদেশ সরকারি কর্মকমিশনের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি — সদস্য

(৬) বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) — সদস্য

(৭) যুগ্ম-সচিব (৫), প্রতিরক্ষা মন্ত্রণালয় — সদস্য-সচিব

**কমিটির কার্যপরিধি :**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ-এর ১ম শ্রেণীর পদে এডহকভিত্তিক সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত ১ম শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

(খ) **২য় শ্রেণীর এডহকভিত্তিক সরাসরি নিয়োগ এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি :**

(১) যুগ্ম-সচিব (৫), প্রতিরক্ষা মন্ত্রণালয় — সভাপতি

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি — সদস্য

| | | |
|---|---|---|
| (৩) | অর্থ বিভাগের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ-এর একজন প্রতিনিধি | সদস্য |
| (৫) | বাংলাদেশ সরকারি কর্মকমিশনের উপ-পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (৬) | বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (৭) | সংশ্লিষ্ট উপ-সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ-এর ২য় শ্রেণীর পদসমূহে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের আওতাবহির্ভূত ২য় শ্রেণীর পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং প্রম/মেঃকঃ/ সিঃগ্রেড/১০/ ডি-৭/৩৭১, তারিখ ০১-০৮-২০১০ এতদ্বারা বাতিল করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নাসিম বানু**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ৩ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-১১)-৫৬৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ রুহুল আমিন, পিতা মোঃ হাবিবুর রহমান, গ্রাম ভোগড়া, ডাকঘর জাতীয় বিশ্ববিদ্যালয় ১৫নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ১৫নং ওয়ার্ডের জন্য মুসলিম বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-৭)-৫৬৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ রুহুল আমিন, পিতা সোহরাব উদ্দিন, গ্রাম প্রতাবপুর, ডাকঘর নীল নগর (১৩৪৬), ১১নং ওয়ার্ড গাজীপুর সিটি কর্পোরেশন, থানা গাজীপুর সদর, জেলা গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ১১নং ওয়ার্ডের জন্য মুসলিম বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থহিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

তারিখ, ৪ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-৬)-৫৭৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু তাহের ফারুকী, পিতা মৃত ওমর আলী, গ্রাম জরুন, ডাকঘর কাসেম কটন মিলস্ লিঃ, ৭নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, থানা গাজীপুর সদর, জেলা গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৭নং ওয়ার্ডের জন্য মুসলিম বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থহিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

তারিখ, ৮ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-১২)-৫৮৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব আশরাফুল আলম, পিতা মৃত আব্দুল আলীম, গ্রাম দেওয়ালিয়া বাড়ী, ডাকঘর নীল নগর (১৩৪৬), ৮নং ওয়ার্ড গাজীপুর সিটি কর্পোরেশন, থানা গাজীপুর সদর, জেলা গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৮নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য মুসলিম বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/ স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-১০)-৫৮৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ বজলুর রহমান, পিতা মৃত মহিউদ্দিন খান, হোল্ডিং নং ৩০৩, ব্লক-বি, গ্রাম বাসন, ডাকঘর কড্ডাবাজার, ওয়ার্ড নং ১৪, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৪নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য মুসলিম বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/ স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-৯)-৫৮৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ সোলাইমান, পিতা মোঃ জহুরুল হক, হোল্ডিং নং ২৬৭/১, ব্লক-আই, গ্রাম ইটাহাটা, ডাকঘর কড্ডাবাজার, ওয়ার্ড নং ১৩, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ১৩নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/ স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-৪)-৫৮৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ শহিদ উল্লাহ, পিতা মোঃ রৌশন আলী, সাং বাগবাড়ী, ডাকঘর কাশিমপুর, ৫নং ওয়ার্ড, থানা জয়দেবপুর, গাজীপুর সিটি কর্পোরেশন।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৫নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/ স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হবে।

**নং বিচার-৭/২এন-২৪/২০১৩(অংশ-৫)-৫৯১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ রওশন আলী, পিতা হাজী মোঃ আমির উদ্দিন, গ্রাম সরদাগঞ্জ, থানা জয়দেবপুর, ৪নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, জেলা গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৪নং ওয়ার্ডের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/ স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হবে।

**মোহাম্মাদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।